

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আঘাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ০৪/২০২৩
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখ: ২৪/০১/২০২৩ খ্রি:

জরুরী দৃষ্টি আকর্ষণ


সম্মানিত সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ পূর্বক

নিম্নলিখিত কর্মসূচীতে অংশগ্রহণের আহ্বান জানানো হলো

সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে, কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা-২০২০ এ সিএন্ডএফ এজেন্টদের মৌলিক অধিকার পরিপন্থী কতিপয় বিধি-বিধান সংশোধন এবং পণ্য চালান শুদ্ধায়নকালে পণ্যের এইচ.এস.কোড ও সিপিসি নির্ধারণে প্রণীত বিভিন্ন বিতর্কিত আদেশ বাতিলের দাবীতে ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের নেতৃত্বে দেশের সকল সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের সদস্যবৃন্দ দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছেন। কিন্তু সিএন্ডএফ এজেন্টদের দাবী সমূহ পূরণে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কোন আশানুরূপ পদক্ষেপ গৃহীত না হওয়ায় পরবর্তী করণীয় নির্ধারণার্থে গত ২১/০১/২০২৩ খ্রি: তারিখ ঢাকাস্থ ফেডারেশন কার্যালয়ে ফেডারেশনের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১. জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আগামী ২৮/০১/২০২৩ খ্রি: তারিখের মধ্যে লাইসেন্সিং বিধিমালার কতিপয় বিধি-বিধান সংশোধন এবং এইচ.এস.কোড ও সিপিসি ভুলের কারণে জরিমানা ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের আদেশ বাতিল বিষয়ে ফেডারেশন কর্তৃক ইতিপূর্বে জাতীয় রাজস্ব বোর্ড বরাবর দাখিলকৃত প্রস্তাবনা অনুসারে সংশোধন করা না হলে আগামী ৩০ ও ৩১শে জানুয়ারী ২০২৩ খ্রি: দেশের সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনে একযোগে কর্মবিরতি পালন করা হবে।
২. কর্মবিরতি পালনের বিষয় সংশ্লিষ্ট সকলকে অবহিত করণার্থে ফেডারেশন কর্তৃক আগামী ২৯/০১/২০২৩ খ্রি: তারিখ সংবাদ সম্মেলন করা হবে।

দেশের সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনে কর্মরত সিএন্ডএফ এজেন্টদের স্বার্থ সুরক্ষার্থে ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন কর্তৃক গৃহীত কর্মসূচীতে সম্মানিত সদস্যদেরকে অংশগ্রহণের আহ্বান জানানো হলো।


কাজী মাহমুদ ইমাম (বিলু)
সাধারণ সম্পাদক